

## **া** পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৫. ৩৫. যীশু কত বছর ধর্ম প্রচার করেছিলেন?

প্রথম তিন 'সমমতীয়' ইঞ্জিল, অর্থাৎ মথি, মার্ক ও লূক পাঠ করলে পাঠক নিশ্চিত হবেন যে, যীশু মাত্র এক বছর ধর্ম প্রচার করেছিলেন। পক্ষান্তরে যোহন উল্লেখ করেছেন যে, যীশু প্রচার কার্য শুরু করার পরে পরপর তিন বছর নিস্তার পর্বে ধর্মধামে প্রবেশ করেন। তাহলে তিনি তিন বছর বা অন্তত দু বছর প্রচার কার্য চালান। এনসাইক্রোপিডিয়া ব্রিটানিকা লেখেছে: "The public ministry in John occupies two or three years, but the Synoptics telescope it into one." : "যোহনের বর্ণনায় যীশু জনগণের মধ্যে প্রচার করেন দু' বা তিন বছর। কিন্তু প্রথম তিন ইঞ্জিলের বর্ণনায় এটা ছিল এক বছর।"[1]

## ফুটনোট

[1] "biblical literature/form and content of John"; Encyclop□dia Britannica 2009 Ultimate Reference Suite. Chicago: Encyclop□dia Britannica, 2009.

Source — https://www.hadithbd.com/books/link/?id=14031

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন